গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৪.২০১৭-১৬৬ তারিখঃ ২৭.০৫.২০১৮ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মোসাম্মৎ শাহনাজ পারভীন (১০০৪৩৬৮), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উজিরপুর, বরিশাল (বর্তমানে শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল) গত ডিসেম্বর/২০১৫ হতে জানুয়ারী/২০১৭ পর্যন্ত বিভিন্ন মেয়াদে ২৬৫ (দুইশত পঁয়ষট্টি) দিন কর্মস্থলে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে বেতন-ভাতাদি গ্রহণ করায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ০১.০২.২০১৮ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৪.২০১৭-৪৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ০৪.০৪.২০১৮ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, তার বৃদ্ধ শ্বশুর-শ্বাশুড়ী, স্বামী ও ২টি শিশু সন্তান বরিশালে পরিবারের সাথে বসবাস করেন। পারিবারিক বিভিন্ন অসুবিধা উল্লেখ করে তিনি বরিশালে জেলার যে কোন উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে পদায়নের জন্য একাধিকবার আবেদন করেন। তার শারীরিক অসুস্থতা, অন্যদিকে শ্বশুর-শ্বাশুড়ী, স্বামী ও শিশু সন্তানদের স্কুলসহ বিভিন্ন অসুবিধার কারণে মানসিকভাবে বিপর্যস্ত হওয়ায় অনিয়মিত অফিস করেন। অসতর্কতাবশতঃ তিনি তার কিছু বেতন বিলে স্বাক্ষর করেন যা তার সঠিক হয়নি। পরবর্তীতে উক্ত উত্তোলিত টাকা তিনি চালান ফরমের মাধ্যমে সরকারি খাতে জমা প্রদান করেছেন। তিনি এ বিষয়ে ক্ষমা প্রার্থী এবং ভবিষ্যতে এ ধরনের কর্মকান্ডে তিনি জড়িত হবেন না মর্মে ব্যক্তিগত শুনানীর লিখিত ব্যক্তব্যে জানান। আবেদনে অনুরোধ করেন। তিনি অনিচ্ছাকৃত ভূলের জন্য ক্ষমাপ্রার্থী এবং ভবিষ্যতে আর কখনও এ ধরনের আচরণ হবে না বলে অঙ্গীকার করেন।

সেহেতু, ডাঃ মোসাম্মৎ শাহনাজ পারভীন (১০০৪৩৬৮), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উজিরপুর, বরিশাল (বর্তমানে শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল) এর নথি পরীক্ষান্তে, শুনানি প্রদত্ত বক্তব্য ও অভিযুক্তের দাখিলকৃত যুক্তি পর্যালোচনান্তে অভিযুক্তের শারীরিক ও মানসিক বিপর্যস্ততার বিষয়টি বিবেচনাপূর্বক অভিযুক্তকে ঘটনার পূণরাবৃত্তি যাতে আর না ঘটে সেই মর্মে সতর্ক করে দেয়া হলো এবং বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো। তাঁর চাকুরির ধারাবাহিকতা বজায় রাখার জন্য ডিসেম্বর/২০১৫ হতে জানুয়ারী/২০১৭ পর্যন্ত (সিভিল সার্জন, বরগুনা হতে প্রাপ্ত কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতকাল এর তালিকা সংযুক্ত) ২৯৮ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির সময়কালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে মঞ্জুর করা হলো এবং মামলাটি নিস্পত্তি করা হলো। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৪.২০১৭-১৬৬/১(১৩) তারিখঃ ২৭.০৫.২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
৩। যুগ্মসচিব (পার-১)/(পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। পরিচালক, শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
৫। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল।
৮। সিভিল সার্জন, বরিশাল।
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উজিরপুর, বরিশাল।
১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, উজিরপুর, বরিশাল।
১১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১২। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩। ডাঃ মোসাম্মৎ শাহনাজ পারভীন (১০০৪৩৬৮), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উজিরপুর, বরিশাল (বর্তমানে শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল)

২৭/০৫/২০১৮
(শামীমা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়,
বরগুনা।

স্মারক নং- সি,এস/বর/১৮/ ৭২০ তারিখ- /০৪/১৮ ইং।

বিষয়ঃ- পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট (গাইনী), ডাঃ মোসাম্মৎ শাহনাজ পারভীন এর কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত দিনের তথ্য প্রেরন প্রসংগে।

বরাতঃ তাহার স্মারক নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৪.২০১৭.১৩৫ তারিখ-১৬.০৪.২০১৮ খ্রিঃ।

বরাতে উল্লেখিত স্মারকের মর্মানুসারে বিষয়ে বর্নিত কর্মকর্তা অত্র বরগুনা জেলাধীন পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তাহার বর্তমান পদে ইং ০৭/১২/২০১৫ তারিখে যোগদান করিয়া ১৩/১২/২০১৫ তারিখ পর্যন্ত নিয়মিত কর্মরত ছিলেন। কর্মকর্তাদের হাজিরা খাতা ও নথি পর্যালোচনান্তে প্রতিয়মান হয় যে, তিনি ইং ১৪/১২/২০১৫ তারিখ থেকে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকেন। উক্ত অনুপস্থিত থাকা দিন সমূহের বিবরনী তাহার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নিম্নে প্রদত্ত হইল।

হইতে	পর্যন্ত	অনুপস্থি দিন
১৪/১২/২০১৫	২১/১২/২০১৫	৮ দিন
২৩/১২/২০১৫	২২/০৪/২০১৬	১২২দিন
২৪/০৪/২০১৬	২/৫/২০১৬	৯দিন
৪/৫/২০১৬	৭/৫/২০১৬	৪দিন
৯/৫/২০১৬	১১/৫/২০১৬	৩দিন
১৩/৫/২০১৬	১৬/৫/২০১৬	৪দিন
১৮/৫/২০১৬	২৩/৫/২০১৬	৬দিন
২৫/৫/২০১৬	৩/৬/২০১৬	১০দিন
৬/৬/২০১৬	১৬/৭/২০১৬	৪১দিন
১৮/৭/২০১৬	১৯/৭/২০১৬	২দিন
২১/৭/২০১৬	২৪/৭/২০১৬	৪দিন
২৬/৭/২০১৬	২৭/৭/২০১৬	২দিন
২৯/৭/২০১৬	৩০/৭/২০১৬	২দিন
১৫/৮/২০১৬	২৯/৮/২০১৬	১৫দিন
১/৯/২০১৬	৩০/৯/২০১৬	৩০দিন
৩১/১০/২০১৬	৪/১১/২০১৬	৫দিন
১/১/২০১৭	৩১/১/২০১৭	৩১দিন
সর্বমোটঃ		২৯৮ দিন

(ডাঃ মোঃ হুমায়ূন শাহীন খান)
সিভিল সার্জন,বরগুনা।

প্রাপক,
উপ-সচিব,
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়,
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

Attested

শামীমা নাসরীন
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্মারক নং- সি,এস/বর/১৮/ তারিখ- /০৪/১৮ ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হইলঃ-
১। পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।
২। অফিস নথি।

(ডাঃ মোঃ হুমায়ূন শাহীন খান)
সিভিল সার্জন,বরগুনা।